# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
# Bangladesh Open University

" শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ "

## বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়পন গৃহীত পদক্ষেপ
## ১ম ত্রৈমাসিক প্রতিবেদন
## (০১ জুলাই ২০২১-৩১ সেপ্টেম্বর ২০২১)

### বাউবি'র গৃহীত পদক্ষেপ সমূহ

১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বিভিন্ন বিষয়ে প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, আর্থিক ব্যবস্থার উন্নয়ন এবং শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্দেশিত জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়নের নিমিত্তে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শুদ্ধাচার কমিটি ২৬.৮.২০২১ তারিখের বাউবি/প্রশা(সি)-১৭০/২০১৯/২৩৯৮ সংখ্যক স্মারকে পুন:গঠিত হয়।

২। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শুদ্ধাচার কমিটির ২য় সভা ১৩.০৯.২০২১ তারিখ দুপুর ১২.০০টায় শুদ্ধাচার কমিটির সভাপতি অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, ট্রেজারার, বাউবি'র সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ সুষ্ঠুভাবে বাস্তবায়নে লক্ষ্যে সম্মানিত সদস্যগণ দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে ৩১ সেপ্টেম্বর ২০২১ এর মধ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনদের (ডিনবৃন্দ, পরিচালকগণ, আঞ্চলিক পরিচালক, বিভিন্ন স্কুল ও বিভাগের এপিএ প্রতিনিধিগণ এবং বিভিন্ন অফিসের শাখা প্রধানগণ) অংশগ্রহণে ২২.০৯.২০২১ তারিখে ০১ টি মতবিনিময় সভা এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠায় পরিকল্পনা ও পদক্ষেপ বিষয়ক ২৮.০২.২০২১ তারিখে ০১টি কর্মশালার আয়োজনের বিষয়ে সকলে একমত পোষণ করেন।



১৩.০৯.২০২১ তারিখে অনুষ্ঠিত শুদ্ধাচার কমিটির ২য় সভা



শুদ্ধাচার কমিটির সদস্যবৃন্দ

## ৩। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে অংশীজনদের সাথে মতবিনিময় সভা

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে গাজীপুর ক্যাম্পাসে অংশীজনদের সাথে ২২ সেপ্টেম্বর, ২০২১ বুধবার উপাচার্যের সভা কক্ষে দিনব্যাপী মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় বিশ্ববিদ্যালয়ের ডিনবৃন্দ, পরিচালকগণ, এপিএ টিম, ইনোভেশন টিম, সেবা প্রদান কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, অভিযোগ প্রতিকার বাস্তবায়ন কমিটি, তথ্য সেবা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আঞ্চলিক কেন্দ্রের তথ্য কর্মকর্তা, বিভিন্ন স্কুল ও বিভাগের এপিএ প্রতিনিধিগণ এবং বিভিন্ন অফিসের শাখা প্রধানগণ অংশ নেন। দূর প্রযুক্তিতে (জুমের মাধ্যমে) বাউবি'র ১২টি আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক পরিচালকগণ ও সেবা প্রদান সেল এবং অভিযোগ প্রতিকার সেলের সভাপতিগণসহ মোট ৭৫জন অংশ নেন। সভায় শুদ্ধাচার কর্ম পরিকল্পনা, বাস্তবায়ন কৌশল নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।




মতবিনিময় সভায় অংশীজনদের একাংশ



মতবিনিময় সভায় অংশীজনদের একাংশ




অংশীজনদের প্রশ্নের উত্তরে সভার সভাপতি

## ৪। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে শুদ্ধাচার পরিকল্পনা : বাস্তবায়ন ও পদক্ষেপ শীর্ষক কর্মশালা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে শুদ্ধাচার পরিকল্পনা: বাস্তবায়ন ও পদক্ষেপ নিয়ে ২৮ সেপ্টেম্বর ২০২১ গাজীপুর ক্যাম্পাসে কর্মশালা অনুষ্ঠিত হয় । উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার প্রধান অতিথি হিসেবে জুমে কর্মশালার উদ্বোধন করে বলেন, সুস্থ সমাজ বিনির্মাণে সকল ক্ষেত্রে শুদ্ধাচার বাস্তবায়ন অপরিহার্য । তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুখী সমৃদ্ধ সোনার বাংলা গড়তে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নত বাংলাদেশের রূপকল্প বাস্তবায়নে সবাইকে শুদ্ধাচারী ও সাদা মনের মানুষ হওয়ায় আহবান জানান।

ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল সভায় সভাপতিত্ব ও কর্মশালাটি পরিচালনা করেন । তিনি কর্মশালায় ডিজিট্যাল কর্মপত্রের মাধ্যমে শুদ্ধাচারের বিমূর্ত বিষয়গুলো সকলের নিকট আকর্ষনীয় ও সহজভাবে উপস্থাপন করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রো উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড.নাসিম বানু, প্রো উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন এবং বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম।

বিশ্ববিদ্যালয়ের ডিনবৃন্দ, পরিচালকগণ, এপিএ টিম, ইনোভেশন টিম, সেবা প্রদান কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, অভিযোগ প্রতিকার বাস্তবায়ন কমিটি, তথ্য সেবা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আঞ্চলিক কেন্দ্রের তথ্য কর্মকর্তা, বিভিন্ন স্কুল ও বিভাগের এপিএ প্রতিনিধিগণ এবং বিভিন্ন অফিসের শাখা প্রধানগণ কর্মশালায় অংশগ্রহণ করেন নেন। দূর প্রযুক্তিতে (জুমের মাধমে) বাউবি'র ১২টি আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক পরিচালকগণ ও সেবা প্রদান সেল এবং অভিযোগ প্রতিকার সেলের সভাপতিগণসহ মোট ৭৭জন কর্মকর্তা অংশ গ্রহণ করেন। সরাসরি ও ক্লাউডের মাধ্যমে সকল অংশগ্রহণকারী শুদ্ধাচার কী, কেন প্রয়োজন, এবং কীভাবে শুদ্ধাচারী অভ্যাস গড়ে তোলা যায়- এ বিষয়ে একক ও দলীয় কাজে অংশগ্রহণ করেন এবং আগামীতে কিভাবে স্ব স্ব স্কুল, বিভাগ, আঞ্চলিক কেন্দ্রে শুদ্ধাচার প্রতিষ্ঠা করা যায় সেবিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অঙ্গীকার ব্যক্ত করেন।



বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য -এর কর্মশালা উদ্বোধন



কর্মশালায় সভাপতির উপস্থাপনা



**কর্মশালার অংশগ্রহণকারীবৃন্দ**

এই মতবিনিময়সভা এবং কর্মশালার মধ্যদিয়ে বাউবির বিভিন্ন মূল-ক্যাম্পাস, মাঠ-পর্যায় এবং বিভিন্ন স্কুল, বিভাগ ও শাখার এপিএ-এর প্রতিনিধিগণের মাঝে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা গড়ার প্রত্যয়-জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিষয়ে গণজাগরণের সৃষ্টি হয়। এবং এই কর্মশালায় সকলে বাউবিতে জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২১-২০২২ বাস্তবায়ন করার জন্য দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

**নাজনীন আখতার**
যুগ্ম-পরিচালক (কাউন্সিল)
ও
সদস্য-সচিব, শুদ্ধাচার কমিটি
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**অধ্যাপক মোস্তফা আজাদ কামাল**
ট্রেজারার
এবং
সভাপতি, শুদ্ধাচার কমিটি
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়